প্রকৃতি কন্যা সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি: এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট
সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
সভার তারিখ: ২৩ ডিসেম্বর ২০২১
সভার সময়: সকাল ১০.৩০ ঘটিকা

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ এর আলোকে অত্র কার্যালয়ের গৃহীত কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পরবর্তীতে সুশাসন প্রতিষ্ঠায় মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের করণীয় সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | আইন-শৃঙ্খলা ও সুশাসন নিশ্চিতকরণ | জেলা, মহানগর ও উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| ২ | জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সুশাসন নিশ্চিতকল্পে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| ৩ | স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিন্তে শতভাগ ই-ফাইলিং বাস্তবায়ন | শাখাভিত্তিক শতভাগ কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদন করতে হবে। | এ কার্যালয়ের সকল কর্মকর্তা |
| ৪ | সুশাসন প্রতিষ্ঠায় সচিবালয় নির্দেশমালা, ২০১৪ যথাযথভাবে অনুসরণ | ফাইল ব্যবস্থাপনার ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ যথাযথভাবে অনুসরণ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |
| ৫ | বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন | মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মে ২০১৬ তারিখের ০৪.৫১৩.০৫৪.০০.০০.০০১.৪৬৯ নম্বর স্মারকের প্রেক্ষিতে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের পরিদর্শন, দর্শন সংক্রান্ত প্রমাপ অর্জন নিশ্চিত করতে হবে। | ১. উপপরিচালক, স্থানীয় সরকার<br>২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৪. সহকারী কমিশনার (ভূমি)(সকল), সিলেট |
| ৬ | অফিসে সময়মত উপস্থিতি নিশিচতকরণ | ক) অফিসে সময়মত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>খ) হাজিরা বহিতে সময়মত স্বাক্ষরের বিষয়টি সংশ্লিষ্ট অফিসার কর্তৃক তদারকি করতে হবে। | জেলা ও উপজেরা পর্যায়ের সকল দপ্তর প্রধান |

সভার শেষে কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা নিশ্চিতকল্পে ও সুশাসন প্রতিষ্ঠায় উপস্থিত সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট
☎০৮২১-৭১৬১০০
ই-মেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.১৬.০১৬.১৮.২৮৯

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট
৫। পুলিশ সুপার, সিলেট
৬। সিভিল সার্জন, সিলেট
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
৯। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
১০। নির্বাহী প্রকৌশলী, ................................................................................ (সকল), সিলেট
১১। উপজেলা নির্বাহী অফিসার ............................ (সকল), সিলেট
১২। পরিচালক/উপপরিচালক................................................... (সকল), সিলেট
১৩। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট
১৪। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার........................(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
১৫। সহকারী পরিচালক................................................... (সকল), সিলেট
১৬। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
১৭। জেলা..........................................................................কর্মকর্তা, সিলেট
১৮। জনাব...................................................................
১৯। উচ্চমান সহকারী...............................................................

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট